সমকাল

তারিখ 07 SEP 2017
পৃষ্ঠা ১৫ কলাম ৪

# প্রাথমিকে প্রধান শিক্ষকের ২১ হাজার পদ শূন্য

—— গণশিক্ষা মন্ত্রী

■ সমকাল প্রতিবেদক

দেশের সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে, বর্তমানে ২১ হাজার প্রধান শিক্ষকের পদ শূন্য রয়েছে। আগামী ডিসেম্বরের মধ্যে সব মিলিয়ে প্রায় ৩২ হাজার সহকারী শিক্ষকের পদ শূন্য হবে বলে জানিয়েছেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী মোস্তাফিজুর রহমান ফিজার।

গতকাল বুধবার সচিবালয়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে 'আন্তর্জাতিক সাক্ষরতা দিবস ২০১৭' এর কর্মসূচি নিয়ে এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানিয়ে তিনি আরও বলেন, এসব পদে নিয়োগ দিতে চেষ্টা করা হচ্ছে।

মন্ত্রী জানান, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর 'রিপোর্ট অন বাংলাদেশ স্যাম্পল ভাইটাল স্টাটিসটিকস ২০১৬' তথ্য অনুযায়ী দেশে বর্তমানে সাক্ষরতার হার ৭২ দশমিক ৩ শতাংশ। বর্তমান সরকারের নানামুখী কর্মসূচির কারণে আগের তুলনায় সাক্ষরতার হার উত্তরোত্তর বাড়ছে। তবে এখনও ২৭ দশমিক ৭ শতাংশ জনগোষ্ঠী নিরক্ষর।

নিরক্ষর জনগোষ্ঠীকে সাক্ষর করতে না পারলে দেশের কাঙ্ক্ষিত উন্নয়ন সম্ভব নয় জানিয়ে তিনি বলেন, দেশের নিরক্ষর জনগোষ্ঠীকে কার্যকর জীবন দক্ষতাভিত্তিক সাক্ষরতা প্রদানে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর আওতায় সরকারি অর্থায়নে 'মৌলিক সাক্ষরতা প্রকল্প' বাস্তবায়ন করা হচ্ছে। যার মাধ্যমে দেশের ৬৪ জেলার ২৫০টি উপজেলায় ১৫ থেকে ৪৫ বছর বয়সী ৪৫ লাখ নিরক্ষর নারী-পুরুষকে জীবন দক্ষতাসহ মৌলিক সাক্ষরতা প্রদান করা হবে।

সংবাদ সম্মেলনে জানানো হয়, 'সাক্ষরতা অর্জন করি, ডিজিটাল বিশ্ব গড়ি' এই প্রতিপাদ্য সামনে রেখে ■ পৃষ্ঠা ১১ : কলাম ১

## প্রাথমিকে প্রধান

[১৫ পৃষ্ঠার পর]

বাংলাদেশে আগামী ৮ সেপ্টেম্বর আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালিত হবে। সাক্ষরতা দিবস উপলক্ষে রাজধানীর শিল্পকলা একাডেমির জাতীয় নাট্যশালায় সাংস্কৃতিক অনুষ্ঠানসহ উদ্বোধনী অনুষ্ঠান হবে। দিবসটি উপলক্ষে স্মারক ডাকটিকিট অবমুক্ত, ক্রোড়পত্র ও স্মরণিকা প্রকাশ, পোস্টার তৈরি, শোভাযাত্রা ও বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে সড়কদ্বীপ সজ্জিতকরণ, গোলটেবিল বৈঠক ও টেলিভিশন টকশোর আয়োজন করা হবে।